সমকাল

তারিখ 27 DEC 2016
পৃষ্ঠা ২ কলাম ১

# ইউনিভার্সিটি খোলার আবেদন করেছেন রওশন এরশাদ

■ সমকাল প্রতিবেদক

নিজের নামে বিশ্ববিদ্যালয় খুলতে যাচ্ছেন জাতীয় সংসদে বিরোধীদলীয় নেতা ও জাতীয় পার্টির সিনিয়র কো-চেয়ারম্যান রওশন এরশাদ। 'রওশন এরশাদ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি' নামে এ বিশ্ববিদ্যালয়ের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করেছেন তিনি। আবেদনপত্রটি যাচাই-বাছাইয়ের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) পাঠানো হয়েছে। এ ছাড়াও আরও ১৬টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আবেদন জমা পড়েছে শিক্ষা মন্ত্রণালয়ে। ইউজিসি সূত্রে এসব তথ্য জানা গেছে।

দেশে বর্তমানে ৯৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। চূড়ান্ত অনুমোদনের প্রক্রিয়ায় রয়েছে আরও তিনটি। এর মধ্যে ১০টি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম স্থগিত রয়েছে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ অনুযায়ী, ময়মনসিংহের কৃষ্টপুরে দুই একর জমির ওপর নির্মিতব্য 'রওশন এরশাদ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি'র আবেদনপত্রটি বিস্তারিত পূরণ করে শিক্ষা মন্ত্রণালয়ে ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৬

## ইউনিভার্সিটি খোলার

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

জমা দেওয়া হয়েছে। মন্ত্রণালয় এটি ইউজিসিতে পাঠিয়েছে।

ইউজিসির একটি সূত্র সমকালকে জানায়, রওশন এরশাদ মৃত্যুর আগে তার স্বপ্নের বিশ্ববিদ্যালয়টি দেখে যেতে চান। এজন্য যত দ্রুত সম্ভব চূড়ান্ত কার্যক্রম শুরুর জন্য তিনি বিভিন্নভাবে তাগাদা দিচ্ছেন।

এ ব্যাপারে ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান সমকালকে বলেন, রওশন এরশাদের বিশ্ববিদ্যালয়সহ মোট ১৭টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আবেদন তাদের কাছে রয়েছে। এর মধ্যে আটটির প্রতিবেদন তারা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়েছেন। আগামী এক মাসের মধ্যে বাকি বিশ্ববিদ্যালয়গুলোর আবেদন যাচাই করে পাঠানো হবে। তবে কতটি বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে ইতিবাচক তথ্য এসেছে, সে ব্যাপারে তিনি কোনো মন্তব্য করতে রাজি হননি।